



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৬৭৪

তারিখ: ০৪/১১/২০২৫ খ্রি

প্রেস রিলিজ

কুবি পরিদর্শন করেন জাইকা প্রতিনিধি দল

গতকাল (৩ নভেম্বর) জাইকা প্রতিনিধি দল কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনের অংশ হিসেবে প্রকৌশল অনুষদের বিভিন্ন অবকাঠামো এবং ভবিষ্যতে সহযোগিতার সম্ভাব্য ক্ষেত্রগুলি নিয়ে অনুষদ সদস্যদের সাথে আলোচনা করেন।

পরিদর্শন শেষে সকাল ১১টায় উপাচার্যের কার্যালয়ে মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী'র সাথে মতবিনিময় করেন। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের, জাইকা বিশেষজ্ঞ শোজি আকিহিরো, কাতসুকি নাহু, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান ড. মাহমুদুল হাছান, আইসিটি সেলের পরিচালক ড. মোঃ মেহেদী হাসান।

মতবিনিময় সভায় একাডেমিক, প্রশিক্ষণ, উদ্ভাবন এবং গবেষণা উদ্যোগে একসাথে কাজ করার জন্য পারস্পরিক আগ্রহ প্রকাশ করেন এবং জাইকা ও আইসিটি মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে 'Project for ICT Engineers Development for the Promotion of the ICT Industry and New Innovations' এর আওতায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ৬ জন শিক্ষককে Software Engineering, Cloud Computing এবং Information Security বিষয়ের উপর উচ্চতর প্রশিক্ষণ প্রদানের জন্য মত পোষণ করেন। এই ৬ জন শিক্ষক পরবর্তিতে উক্ত ট্রেনিং প্রোগ্রামসমূহের প্রশিক্ষক হিসেবে থাকবেন। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ উক্ত প্রোগ্রাম থেকে উপকৃত হবেন। এছাড়াও ভবিষ্যতে National Institute of Informatics, Japan এর সাথে MoU স্বাক্ষরের জন্য মাননীয় উপাচার্য মত প্রকাশ করলে জাইকা প্রতিনিধি দল সার্বিক সহযোগিতা করবেন বলে আশ্বাস প্রদান করেন।।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ডেপুটি (ডেপুটির মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি